

উচ্চশিক্ষা

ট্রাম্পের জয়ে আমেরিকা যেতে চান না ৪২% আন্তর্জাতিক শিক্ষার্থী, সিদ্ধান্তহীনতায় ৪১%

প্রথম আলো ডেস্ক

প্রকাশ: ০৪ ডিসেম্বর ২০২৪, ০৯: ৫৯



আমেরিকার বিশ্ববিদ্যালয়ের বিদেশি ছাত্র-ছাত্রীরা প্রথম আলো ফাইল ছবি

ডোনাল্ড ট্রাম্প নির্বাচিত হওয়ায় উচ্চশিক্ষার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রকে কম আকর্ষণীয় করে তুলবে। স্নাতকোত্তরের ছাত্ররা মার্কিন রাজনৈতিক পরিবর্তনে প্রভাবিত হবেন। আর আন্তর্জাতিক শিক্ষার্থীরা পড়াশোনার জন্য দেশটি এড়িয়ে চলতে চাইছেন। অনেক শিক্ষার্থী আবার সিদ্ধান্ত নিতে পারছেন না তাঁরা কী করবেন। কিছু ছাত্র স্পষ্টভাবে যুক্তরাষ্ট্রে পড়াশোনার ক্ষেত্রে অনাগ্রহের কথাও জানিয়েছেন। এক সমীক্ষা জরিপ থেকে এসব তথ্য পাওয়া গেছে।

মার্কিন নির্বাচন হয়েছে ৫ নভেম্বর। কমলা হ্যারিসকে হারিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। নির্বাচনের এক মাস আগে গত অক্টোবরে ‘কিস্টোন পালস’ নামে একটি সমীক্ষা প্রতিষ্ঠান একটি জরিপ চালিয়েছিল। বিশ্বের বিভিন্ন দেশের ৬০০ শিক্ষার্থী এই জরিপে অংশ নিয়ে নানা প্রশ্নের উত্তর দেন। জরিপে দেখা গেছে, ট্রাম্প নির্বাচিত হওয়ায় যুক্তরাষ্ট্রকে উচ্চশিক্ষার জন্য কম আকর্ষণীয় করবে বলে মনে করেছেন আন্তর্জাতিক শিক্ষার্থীরা। ৪২ শতাংশ আন্তর্জাতিক শিক্ষার্থী পড়াশোনার জন্য দেশটি এড়িয়ে চলতে চেয়েছেন। স্নাতকোত্তরের ছাত্ররা দেশটির রাজনৈতিক পরিবর্তনে প্রভাবিত হবেন বলেও জরিপে জানিয়েছেন। যুক্তরাষ্ট্রের পরিবর্তনশীল পরিস্থিতি সম্পর্কে তাঁরা আরও সচেতন হবেন বলেও জানান।

ফাইল ছবি

মার্কিন শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ার ক্ষেত্রে ৪১ শতাংশ শিক্ষার্থী সিদ্ধান্ত নিতে পারছেন না তারা কী করবেন। আর ৫ শতাংশ ছাত্র স্পষ্টভাবে যুক্তরাষ্ট্রে অধ্যয়নে অনাগ্রহের কথা জানিয়েছেন। জরিপে দেখা গেছে, মার্কিন বিশ্ববিদ্যালয়ের প্রতি আগ্রহী শিক্ষার্থীর সংখ্যাও কমেছে। আমেরিকার শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতি বিশ্বের ৩ শতাংশ শিক্ষার্থীর আগ্রহ কমেছে। বিশ্বের বিভিন্ন এলাকার শিক্ষার্থীরা জরিপে অংশ নেন। পূর্ব এশিয়া, দক্ষিণ এশিয়া, যুক্তরাজ্য, ইউরোপের অন্য দেশ, উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা ও আফ্রিকা এলাকার ৬০০ শিক্ষার্থী জরিপে অংশ নেন।

মার্কিন বিশ্ববিদ্যালয়ের জন্য প্রভাব

স্নাতকোত্তরের ছাত্ররা রাজনৈতিক পরিবর্তনের প্রভাবিত। যুক্তরাষ্ট্রে পরিবর্তনশীল পরিস্থিতি সম্পর্কেও তাঁরা সচেতন। জরিপে বিশ্ববিদ্যালয়গুলোর জন্য উদ্বেগগুলো সমাধান করা এবং যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের সুবিধাগুলো তুলে ধরার কথাও বলা হয়েছে। **তথ্যসূত্র:** এনডিটিভি

আগামী বছরের ২০ জানুয়ারি যুক্তরাষ্ট্রের নতুন প্রেসিডেন্ট হিসেবে শপথ নেবেন ডোনাল্ড ট্রাম্প। নির্বাচনী প্রচারণার সময় তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, হোয়াইট হাউসে ফিরলে অভিবাসীদের তাড়িয়ে দেবেন। ৫ নভেম্বরের ভোটে জয় পেয়েই সেই প্রতিশ্রুতি পূরণে নানা উদ্যোগ নিতে শুরু করেছেন তিনি। এ ভয়েই হয়তো দেশটির বিভিন্ন

বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক শিক্ষার্থীদের ই-মেইল করে ট্রাম্পের শপথ গ্রহণের আগেই ক্যাম্পাসে ফিরে আসার পরামর্শ দিয়েছে।

